

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الفصل الاول

আরবী

وَرَوَاهُ أَبُو هُرَيْرَةَ مَعَ اخْتِلَافٍ وَفِيهِ: وَإِذَا رَأَيْتَ الْحُفَاةَ الْعُرَاةَ الصَّمَّ الْبُكْمَ مُلُوكَ الْأَرْضِ فِي خَمْسٍ لَا يَعْلَمُهُنَّ إِلَّا اللَّهُ. ثُمَّ قَرَأَ: (إِنَّ اللَّهَ عِنْدَهُ عِلْمُ السَّاعَةِ وَيُنزِلُ الْغَيْثَ)

বাংলা

৩-[২] আবু হুরায়রাহ্ (রাঃ) হতেও সামান্য শাব্দিক পরিবর্তনে হাদীসটি বর্ণিত রয়েছে। তা হচ্ছে- যখন নগ্নপায়ী বিবস্ত্র এবং মূক ও বধিরগণকে, অর্থাৎ- অযোগ্য লোকেদেরকে দেশের রাজা বা শাসক হতে দেখবে। সে পাঁচটি বিষয় কিয়ামতের (কিয়ামতের) আলামাতের অন্তর্গত, যা আল্লাহ ছাড়া আর কেউ জানে না। তারপর তিনি প্রমাণ হিসেবে কুরআনের এ আয়াতটি তিলাওয়াত করলেনঃ وَعِنْدَهُ عِلْمُ السَّاعَةِ وَيُنزِلُ الْغَيْثَ - "আল্লাহ কিয়ামাত (কিয়ামত) সম্পর্কে ভালো জানেন কবে তা সংঘটিত হবে? কিভাবে হবে? বৃষ্টি তিনিই বর্ষিয়ে থাকেন"- (সূরাহ লুকমান ৩১: ৩৪)। (বুখারী, মুসলিম)[1]

English

Chapter - Section 1

Abu Huraira transmitted it with a difference containing the following:

When you see the barefooted, the naked, the deaf, the dumb as kings of the earth, as -well as five things which no one but God knows. Then he recited, "God has knowledge of the Hour, and He sends down the rain..."

(Bukhari and Muslim.)

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫০, মুসলিম ১০, ইবনু মাজাহ ৬৪, ৪০৪৪; সহীহ ইবনু খুযায়মাহ্ ২২৪৪, আহমাদ ৯৫০১, শব্দ

মুসলিমের।

ব্যাখ্যা

ব্যাখ্যা : বর্ণিত দুই হাদীসে ক্বিয়ামাতের (কিয়ামতের) আলামত সম্পর্কে যা উল্লেখ করা হয়েছে তার সারাংশ হলো নেতৃত্ব চলে যাবে অযোগ্য লোকদের হাতে। যখন পাদুকাহীন উলঙ্গ বকরীর রাখালেরা নেতা হবে যারা প্রকৃতপক্ষে মূর্খ ও অসভ্য এবং তারাই সম্পদের অধিকারী হবে, বড় বড় অট্টালিকা নির্মাণ করতে থাকবে এর দ্বারা উদ্দেশ্য হলো তারা দীন ও দুনিয়ার সকল নিয়ম-শৃঙ্খলা বিনষ্ট করে ফেলবে। তারা লোকদের প্রাপ্য আদায় করবে না বরং যে সম্পদের উপর তাদের দখল থাকবে তা নিজেরাই কুক্ষিগত করে ফেলবে। সেই সাথে তারা মূর্খ ও অসভ্য হওয়ায় মানুষের ধর্মকেও বিনষ্ট করবে। কেননা তাদের কোন যোগ্যতাই থাকবে না মানুষের ধর্ম ও ধর্মীয় জ্ঞানকে সংশোধন করার। বরং তাদের একমাত্র ধ্যান জ্ঞান থাকবে সম্পদ সংগ্রহ ও তা বৃদ্ধি করার। কোন বিষয়ে তারা কোন পরোওয়াই করবে না।

হাদীসে ও আয়াতে যে ‘ইলম বা জ্ঞানের কথা বলা হয়েছে তা দ্বারা উদ্দেশ্য পূর্ণজ্ঞান। ‘তাঁর নিকটই অদৃশ্য জ্ঞানের চাবীকাঠি’- এ কথা দ্বারা এ দিকেই ইঙ্গিত করা হয়েছে। জ্যোতিষ বা ওলীদের নিকট যে জ্ঞান বা ‘ইলম আছে তা’ খন্ড ‘ইলম মাত্র। পূর্ণ ‘ইলমের অধিকারী একমাত্র মহান আল্লাহ রব্বুল ‘আলামীন। নাবীগণ যা কিছু আমাদের জানিয়েছেন তা’ এই ‘ইলমের অন্তর্গত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54562>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন